ভোরের কাগজ

তারিখ 15 OCT 2016
পৃষ্ঠা ৪ কলাম ৬

# জবি নীরবে শিক্ষাকেন্দ্রিক বিপ্লব ঘটাচ্ছে

## — ইউজিসি চেয়ারম্যান

■ জবি প্রতিবেদক

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান বলেছেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) নীরবে শিক্ষাকেন্দ্রিক বিপ্লব ঘটাচ্ছে। আগামী ৫ থেকে ১০ বছরের মধ্যে এটি আরও উন্নত এবং গর্ব করার মতো প্রতিষ্ঠানে পরিণত হবে। গতকাল শুক্রবার জবির কেন্দ্রীয় মিলনায়তনে রসায়ন বিভাগের উদ্যোগে দিনব্যাপী 'বিশ্ব সংহতির জন্য রসায়ন' শীর্ষক প্রথম সিম্পোজিয়ামে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

জবি রসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. শাহাজাহানের সভাপতিত্বে সিম্পোজিয়ামে বক্তব্য রাখেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং বাংলাদেশ পাবলিক বিশ্ববিদ্যালয় পরিষদের সভাপতি অধ্যাপক ড. মো. আলাউদ্দীন, ইউজিসি সদস্য অধ্যাপক ড. মোহাম্মাদ ইউসুফ আলী মোল্লা, বাংলাদেশ রসায়ন সমিতির সাবেক সভাপতি অধ্যাপক ড. মো. মুহিবুর রহমান, গণবিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. মেসবাহউদ্দিন আহমেদ প্রমুখ।